গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
ভবন নং ৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০
www.modmr.gov.bd

নম্বর: ৫১.০০.০০০০.২২০.২০.০২২.২১(অংশ-১)-৬৩

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৮
০৮ মার্চ ২০২২

অফিস আদেশ

এপিএ'র নতুন কাঠামো ও নির্দেশনা অনুযায়ী দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্য এবং শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্নেন্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনাসমূহ প্রস্তুত, পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য নিম্নোক্তভাবে এপিএ টিম পুনর্গঠন করা হলোঃ

এপিএ টিম	বিকল্প এপিএ টিম
অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) এপিএ টিম লিডার	অতিরিক্ত সচিব (দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচি-১, ত্রাণ প্রশাসন) ও বিকল্প এপিএ টিম লিডার
যুগ্ম সচিব (প্রশাসন); তথ্য অধিকার এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক ফোকাল পয়েন্ট ও এপিএ সদস্য	উপসচিব (প্রশাসন) ও বিকল্প এপিএ সদস্য
যুগ্মসচিব (দুব্যক-১); শুদ্ধাচার বিষয়ক ফোকান পয়েন্ট ও এপিএ সদস্য	উপসচিব (সিপিপি) ও বিকল্প এপিএ সদস্য
উপসচিব (সেবা) ; সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট ও এপিএ সদস্য	উপসচিব (ত্রাণ প্রশাসন) ও বিকল্প এপিএ সদস্য
উপসচিব (আইন ও ত্রাণ প্রশাসন); ই-গভর্নেন্স ও উদ্ভাবন বিষয়ক ফোকাল পয়েন্ট ও এপিএ সদস্য	সিষ্টেম এনালিষ্ট ও বিকল্প এপিএ সদস্য
উপসচিব (দুব্য-১) ও এপিএ সদস্য	উপসচিব (পরিকল্পনা) ও বিকল্প এপিএ সদস্য
উপসচিব (বাজেট), ও এপিএ ফোকাল পয়েন্ট	উপসচিব (সেবা) ও বিকল্প এপিএ ফোকাল পয়েন্ট

কমিটির কার্যপরিধিঃ

(ক) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিমার্জন ও হালনাগাদকরণ;

(খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন এবং এর লক্ষ্যমাত্রা অর্জনের বিষয় তদারকি, পরিবীক্ষণ ও সমন্বয় সাধন;

(গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সিপিপি'র সঙ্গে যোগাযোগ, সমন্বয় এবং এ সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত সময়ে প্রেরণ নিশ্চিতকরণ;

(ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন;

(ঙ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত কমিটি মাসে অন্তত একবার সভায় মিলিত হবেন এবং সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার ইউনিটে প্রেরণ করবেন এবং

(চ) কমিটি কার্যবিবরণী সংক্রান্ত কার্যক্রম ত্বরান্বিত ও মনিটরিং করার লক্ষ্যে নতুন সদস্য কো-অপ্ট করে একাধিক উপ-কমিটি গঠন করতে পারবে।

০২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে। একই সাথে এ মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখের ৫১.০০.০০০০.২২০.২০. ০২২.২১(অংশ-২)-৩৪৩ সংখ্যক স্মারকের অফিস আদেশটি এতদ্বারা বাতিল করা হলো।

৮-৩-২০২২
মোহাম্মদ ফারুক হোসেন
উপসচিব
ফোন: ৯৫৪৫৮০৯
ফ্যাক্স: ৯৫৪৫৪০৫
ইমেইল:
dsbudget@modmr.gov.bd

নম্বর:
৫১.০০.০০০০.২২০.২০.০২২.২১(অংশ-১)-৬৩/১(৪৬)

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৮ / ০৮ মার্চ ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) মুখ্য সমন্বয়ক (এসডিজি) , মুখ্য সমন্বয়ক (এসডিজি) এর দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৪) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
৫) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৬) অতিরিক্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৭) যুগ্ম সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়
৮) পরিচালক, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)
৯) উপসচিব(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

৮-৩-২০২২
মোহাম্মদ ফারুক হোসেন
উপসচিব